

রংপুর ক্যাডেট কলেজের ষষ্ঠ ব্যাচের প্রাক্তন ছাত্র কমডোর গোলাম সাদেক এনজিপি, এনডিসি, এনসিসি, পিএসসি, ১৯৮৯ সালের পহেলা জুলাই বাংলাদেশ নৌবাহিনীতে কমিশন লাভ করেন। নৌবাহিনীর মৌলিক প্রশিক্ষণ তিনি রাজকীয় মালয়েশিয়ান নৌবাহিনী থেকে গ্রহণ করেছেন। কমডোর সাদেক নৌবাহিনীর বিভিন্ন জাহাজ ও ঘাঁটি কমান্ড করেছেন। এর মাঝে উল্লেখযোগ্য হলো মিসাইল বোট, পেট্রোল ক্রাফট, মাইন সুইপার, অফশোর পেট্রোল ভেসেল ও ফ্রিগেট। তিনি নৌবাহিনীর তিনটি প্রশিক্ষণ ঘাটি শহীদ মোয়াজ্জম, ঈসাখান ও বাংলাদেশ নেভাল একাডেমীর অধিনায়কত্ব করেন। এছাড়া ষ্টাফ অফিসার হিসেবে নৌপ্রধানের ফ্ল্যাগ লেফটেন্যান্ট, নৌসদরে প্ল্যানিং দপ্তরের উপ-পরিচালক, কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের চীফ ষ্টাফ অফিসার ও কমান্ডার বিএন ফ্লীটের ষ্টাফ অফিসার অপারেশান্স হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি যুক্তরাজ্যের রাজকীয় নৌবাহিনী, মিরপুর ষ্টাফ কলেজ, মার্কিন যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ওয়ার কলেজ ও বাংলাদেশের ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

২০১৪ সালে তিনি নৌবাহিনীর বিভিন্ন অপারেশান ও প্রশিক্ষণ কর্মকান্ডে অবদান রাখার জন্য শান্তিকালীন পদক, নৌগৌরব পদক অর্জন করেন। কমডোর সাদেক বিবাহিত জীবনে এক পুত্র ও কন্যা সন্তানের জনক। অবসর সময়ে তিনি বই পড়তে ও গলফ খেলতে পছন্দ করেন।